# পাঠ 13



## একটি শিক্ষাকেন্দ্রিক বিষয়

*যীশু আরোগ্য করেন*

যীশু আরোগ্য করেন

## বাইবেলের গল্প

*এমন গল্প ব্যবহার করুন যা শেখায়, যীশু আরোগ্য করেন*

**সুখবরের কাহিনীপুস্তক ছয় | পৃষ্ঠা 2-15 |** *যীশু আরোগ্য করেন |*

ছেলেমেয়েদের নিয়ে গল্পটির ওপর একটি নাটক অভিনয় করুন | ছেলেমেয়েদের বলুন যে তোমরা ‘যীশু আরোগ্য করেন’ নামে একটি নাটক করতে চলেছ |

ছেলেমেয়েদের কাছে পৃষ্ঠা 2 থেকে 15 পর্যন্ত দেওয়া গল্পটি পড়ুন এবং পড়তে পড়তে সুখবরের কাহিনীপুস্তক ছয় এ যে আঁকাগুলো রয়েছে তা ছেলেমেয়েদের দেখান |

গল্পটি সম্পর্কে ছেলেমেয়েদের প্রশ্ন করুন | যদি কোন ছেলে বা মেয়ে ভুল উত্তর দেয় তাকে উৎসাহ দেবার জন্য বলুন যে তার প্রচেষ্টা ভাল কিন্তু আপনি যে উত্তরটা আশা করেছিলেন এটা তা নয় | যদি কোন ছেলে বা মেয়ে ঠিক উত্তর দেয় তাহলে তাকে বলুন যে সে ভাল করেছে | যতক্ষণ না কোন ছেলে বা মেয়ে ঠিক উত্তর দেয় ততক্ষণ একই প্রশ্ন করে যান |

এখানে কয়েকটি প্রশ্ন দেওয়া হল যা আপনি জিজ্ঞাসা করতে পারেন |

**সাহায্যের জন্য যায়ীর কার কাছে ছুটে গিয়েছিল?** যীশু |

**কাকে যায়ীর বলেছিল, ‘ওকে স্পর্শ করুন তাহলে ও সুস্থ হয়ে উঠবে |’?** যীশুকে |

**কাকে যায়ীর বলেছিল, ‘ওকে স্পর্শ করুন তাহলে ও বেঁচে উঠবে |’** যীশুকে |


**কে বলেছিল, ‘যীশুকে একবার ছুঁলেই আমি সুস্থ হয়ে যাব!’?** মহিলাটি |


**যে মেয়েটি অসুস্থ ছিল এবং এখন মারা গিয়েছে তাকে যীশু কী বলেছিলেন?** ছোট্ট বালিকা, উঠে দাঁড়াও!

**যে ছোট মেয়েটি মারা গিয়েছে তার সঙ্গে যীশু কথা বলবার পরে কি হল?** ছোট মেয়েটি বেঁচে উঠল!

**অন্ধকারকে পেছনে ঠেলে সরাবার মত ক্ষমতা কার আছে?** যীশু |

# পাঠ 13





## এ্যাকশন গীত

*এমন এ্যাকশন গীত ব্যবহার করুন যা শেখায়, যীশু আরোগ্য করেন*

সকল ধন্যবাদ মহিমা গৌরব তোমার
জয় হোক জয় হোক যীশু, জয় হোক তোমার
প্রশংসা পরাক্রম প্রতাপ তোমার, (2)
জয় হোক জয় হোক যীশু জয় হোক তোমার। (2)

রোগ হতে আরোগ্য করলে মহিমা তোমার,
সম্পদে বিপদে সহায় হয়েছ আমার (2)
দয়ার উপর দয়া কত পেয়েছি তোমার, (2)
জয় হোক জয় হোক যীশু জয় হোক তোমার। (2)

## বিষয়কেন্দ্রিক পাঠ

*এমন বিষয়কেন্দ্রিক পাঠ ব্যবহার করুন যা শেখায়, যীশু আরোগ্য করেন*

একটি মেয়েকে আপনার সহায়ক হতে বলুন। মেয়েটিকে দলের থেকে বেরিয়ে আপনার সামনে আসতে বলুন যে আপনার দিকে পেছন করে দাঁড়াবে কিন্তু অন্য ছেলেমেয়েদের মুখোমুখি দাঁড়াবে। মেয়েটিকে পেছন দিকে পড়ে যেতে বলুন যাতে আপনি (শিক্ষক) তাকে ধরে নিতে পারেন।

মেয়েটিকে ধরে নেবার পর তাকে বোঝান যে সে আপনাকে জানত এবং আপনাকে বিশ্বাস করত। মেয়েটি আপনাকে জানত এবং বিশ্বাস করত যে আপনি তাকে ধরে নেবেন। এটা ঠিক গল্পের যায়ীর এবং মহিলাটির মত। তারা দুজনেই যীশুকে জানত এবং বিশ্বাস করত। তারা দুজনেই জানত এবং বিশ্বাস করত যে যীশু আরোগ্য করেন।

**সাক্ষ্যদান:** ছেলেমেয়েদের কাছে বলুন এবং দেখান যে সৃষ্টিকর্তা ঈশ্বর কিভাবে আপনাকে আরোগ্য করেছিলেন। অথবা, আপনি এমন কাউকে জানেন যে অসুস্থ ছিল, যার দেহে বা মনে কোন ত্রুটি ছিল কিন্তু এখন আরোগ্য লাভ করেছে। তাদের বলুন ছেলেমেয়েদের কাছে বলতে যে সৃষ্টিকর্তা ঈশ্বর কিভাবে তাদের আরোগ্য করেছিলেন।

## বাইবেলের মুখস্থ পদের খেলা

*এমন বাইবেল পদ ব্যবহার করুন যা শেখায়, যীশু আরোগ্য করেন*

যীশু আরোগ্য করেন

**লূক 6:19** *'সকলেই তাঁকে (যীশু) স্পর্শ করার চেষ্টা করতে লাগল, কারণ তাঁর মধ্য থেকে শক্তি বার হয়ে তাদের আরোগ্য দান করছিল।'*

# পাঠ 13

### বিনা শব্দের প্রতিযোগিতা

যীশু আরোগ্য করেন

ছেলেমেয়েদের দুটো দলে ভাগ করুন। প্রথম দলকে বলুন একজন নেতা ঠিক করতে। প্রথম দলের নেতা সামনে এসে দাঁড়াবে। প্রথম দলের নেতাকে বাইবেলের মুখস্থ পদের প্রথম অংশ, 'সকলেই তাঁকে (যীশু) স্পর্শ করার চেষ্টা করতে লাগল' বলুন। অন্য কোন ছেলেমেয়েকে এটা শুনতে দেবেন না। প্রথম দলের নেতাকে বলুন বাইবেলের মুখস্থ পদের প্রথম অংশটি নাটক করে দেখাতে (কোন কথা না বলে)। প্রথম দলের ছেলেমেয়েরা বাক্যটি অনুমান করবার চেষ্টা করবে।

যদি কিছু সময় পরে প্রথম দলের ছেলেমেয়েরা বাক্যটি অনুমান করতে না পারে তাহলে দ্বিতীয় দলের ছেলেমেয়েদের বলুন বাক্যটি অনুমান করবার চেষ্টা করতে। যদি কিছু সময় পরে দ্বিতীয় দলটিও বাক্যটি অনুমান করতে না পারে তাহলে ছেলেমেয়েদের যাতে অনুমান করতে সুবিধে হয় তার জন্য তাদের কিছু সূত্র দিন।

আপনি ছেলেমেয়েদের উত্তরটা বলে দেবার পর অথবা তারা ঠিকমত অনুমান করবার পর দ্বিতীয় দলের নেতা সামনে এগিয়ে আসবে। দ্বিতীয় দলের নেতাকে বাইবেলের মুখস্থ পদের দ্বিতীয় অংশ, 'কারণ তাঁর (যীশু) মধ্য থেকে শক্তি বার হয়ে' বলুন। অন্য ছেলেমেয়েদের এটা শুনতে দেবেন না। দ্বিতীয় দলের নেতাকে বাইবেলের মুখস্থ পদটি অভিনয় করে দেখাতে বলুন (কোন কথা না বলে)।

দ্বিতীয় দলের ছেলেমেয়েরা বাক্যটি অনুমান করবার চেষ্টা করবে। কিছু সময় পরে যদি দ্বিতীয় দলের ছেলেমেয়েরা বাক্যটি অনুমান করতে না পারে তাহলে প্রথম দলের ছেলেমেয়েদের বলুন বাক্যটি অনুমান করবার চেষ্টা করতে। যদি কিছু সময় পরে প্রথম দলটিও অনুমান করতে না পারে তাহলে ছেলেমেয়েদের অনুমান করতে সাহায্য করবার জন্য ওদের কিছু সূত্র দিন।

আপনি ওদের বাক্যটি বলে দেবার পর অথবা, ওরা অনুমান করবার পর ছেলেমেয়েদের বাইবেলের মুখস্থ পদের দ্বিতীয় অংশ, 'তাদের আরোগ্য দান করছিল।' বলুন।

ছেলেমেয়েদের পুরো বাইবেলের মুখস্থ পদটি বলতে বলুন।

## ব্যবহারিক প্রয়োগ


*এমন ব্যবহারিক প্রয়োগ করুন যা শেখায়, যীশু আরোগ্য করেন*

**ছেলেমেয়েদের জিজ্ঞাসা করে দেখুন কেউ অসুস্থ আছে কিনা এবং যীশু তাকে আরোগ্য করুন এটা চায় কিনা।**

ছেলেমেয়েদের জিজ্ঞাসা করুন যে যারা অসুস্থ এবং চায় যে যীশু ওদের আরোগ্য দান করুন তাদের জন্য প্রার্থনা করতে হবে কিনা। ছেলেমেয়েদের বলুন যারা অসুস্থ তাদের প্রত্যেকের জন্য প্রার্থনা করতে এবং কিভাবে প্রার্থনা করতে হবে সেই পথ দেখাতে যেন ঈশ্বরের আত্মা ছেলেমেয়েদের এবং আপনাকে পরিচালনা করেন।

**প্রার্থনা:** যীশুর নামে ধন্যবাদ ও প্রশংসার প্রার্থনা দিয়ে শেষ করুন।

# পাঠ 14



## একটি শিক্ষাকেন্দ্রিক বিষয়

*যীশু তোমাকে মুক্ত করেন!*

## বাইবেলের গল্প

***এমন গল্প বেছে ব্যবহার করুন যা শেখায়, যীশু তোমাকে মুক্ত করেন!***

যীশু তোমাকে মুক্ত করেন!



**সুখবরের কাহিনীপুস্তক ছয়। পৃষ্ঠা 16-21 |** *আমি মুক্ত।*

**শিক্ষণের জন্য সহায়ক উপকরণ:** আঁকবার জন্য ব্ল্যাকবোর্ড আর খড়ি, অথবা ধুলো আর কাঠি বা কাগজ আর পেনসিল। আঁকবার জন্য ছেলেমেয়েদের দরকার ড্রয়িং প্যাড অথবা কাগজ, পেনসিল আর ইরেজার।

গল্পটি এঁকে বলুন। প্রতি পৃষ্ঠা পড়বার পর ছেলেমেয়েদের একটা করে প্রশ্ন করুন।

1, 2, 3 গল্পটি শুরু করুন...

আর এক দিন, আর এক সময়, আর এক জায়গায়। আমি দেখতে পাচ্ছি যীশু এবং তাঁর অনুগামীরা নদী পেরিয়ে যাচ্ছেন। আমি দেখতে পাচ্ছি শুয়োরগুলো নদীর ধারে দাঁড়িয়ে আছে।

আমি একজন মানুষকে দেখতে পাচ্ছি। মানুষটার ভিতরে অনেক মন্দ আত্মা ভর করে আছে। আমি শুনতে পাচ্ছি যীশু মানুষটার ভিতরের অনেক মন্দ আত্মাকে বলছেন, 'এই মানুষের ভিতর থেকে বেরিয়ে এসে নদীর ধারে দাঁড়িয়ে থাকা শুয়োরগুলোর মধ্যে যাও।' আমি দেখতে পাচ্ছি অনেক মন্দ আত্মা এই মানুষের ভিতর থেকে বেরিয়ে এসে নদীর ধারে দাঁড়িয়ে থাকা শুয়োরগুলোর মধ্যে ঢুকে যাচ্ছে। আমি দেখতে পাচ্ছি শুয়োরগুলো দৌড়ে নদীর মধ্যে যাচ্ছে। শুয়োরগুলো মরে গেল। আমি শুনতে পাচ্ছি লোকটা যীশুর উদ্দেশে গান গাইছে। আমি শুনতে পাচ্ছি যীশু লোকটাকে বলছেন, 'যাও এবং সৃষ্টিকর্তা ঈশ্বর তোমার জন্য যা করেছেন তা সকলকে বলো।'

আমি শুনতে পাচ্ছি লোকটা সবাইকে বলছে, 'যীশু মন্দ আত্মাদের আমার ভিতর থেকে বেরিয়ে আসতে বললেন। মন্দ আত্মারা আমার ভিতর থেকে বেরিয়ে এলো।


যীশু আমাকে মুক্ত করেছেন।'


যীশুই জগতের আলো। অন্ধকার দূর করতে কেবলমাত্র যীশুরই ক্ষমতা আছে।

সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে!

**ছেলেমেয়েদের গল্পটি এঁকে দেখাতে বলুন।**

# পাঠ 14





যীশু তোমাকে মুক্ত করেন!

## এ্যাকশন গীত

*এমন এ্যাকশন গীত ব্যবহার করুন যা শেখায়, যীশু তোমাকে মুক্ত করেন!*

যীশুর নামেতে, যীশুর নামেতে
মোরা বিজয়ী হই! হাল্লেলূইয়া!
যীশুর নামেতে, যীশুর নামেতে,
শয়তান দূরে পালায়! হাল্লেলূইয়া
প্রভু যীশুর মহা নামে
মোরা বিজয়ী হই।

## বিষয়কেন্দ্রিক পাঠ

*বিষয়কেন্দ্রিক পাঠটি এমন  ব্যবহার করুন যা শেখায়, যীশু তোমাকে মুক্ত করেন!*

**শিক্ষণের জন্য সাহায্যকারী উপকরণ:** সূতো, চোখবাঁধা অবস্থাযুক্ত।

দুজন ছেলেকে আপনার সাহায্যকারী হিসেবে নিন। বুঝিয়ে বলুন একজন ছেলে যীশু হবার অভিনয় করবে (ছেলেটির দিকে নির্দেশ করুন) এবং অন্য ছেলেটি (ছেলেটির দিকে নির্দেশ করুন) এমন একজন হবার ভান করবে যার মধ্যে অনেক মন্দ আত্মা রয়েছে।

যে ছেলেটি এমন একজন হয়েছে যার মধ্যে অনেক মন্দ আত্মা রয়েছে তাকে বেঁধে ফেলুন আর তার চোখ বেঁধে দিন। বুঝিয়ে বলুন যে এই অবস্থা হচ্ছে ঠিক সেরকম যেমনটি হয় যে লোকের মধ্যে অনেক মন্দ আত্মা থাকে তার মত। সে ফাঁদে পড়ে আর অন্ধকারে হারিয়ে যায়।

যে ছেলেটি যীশুর ভূমিকায় রয়েছে তাকে বলুন অন্য ছেলেটি যার মধ্যে অনেক মন্দ আত্মা রয়েছে তার সূতোর বাঁধন আর চোখের বাঁধন খুলে দিতে।

যে ছেলেটি যীশুর দ্বারা মুক্ত হল তাকে বলুন যীশুকে ধন্যবাদ জানিয়ে মহা আনন্দে ওপর- নীচ করে লাফাতে।

ছেলেমেয়েদের বুঝিয়ে বলুন যে যীশু যখন লোকদের মুক্ত করেন তখন এরকমটাই হয়। যীশু হলেন জগতের আলো। অন্ধকারকে ঠেলে পেছনে সরিয়ে দেবার ক্ষমতা একমাত্র যীশুরই আছে।


# পাঠ 14

## বাইবেলের মুখস্থ পদের খেলা




*এমন বাইবেল পদ ব্যবহার করুন যা শেখায়, যীশু তোমাকে মুক্ত করেন!*

**যোহন 8:36** *'তাই পুত্র যদি (যীশু) তোমাদের মুক্ত করে, তবে তোমরা প্রকৃতই মুক্ত হবে৷'*



**চিত্রকথার ধাঁধা:** একখন্ড কাগজে লিখুন 'তাই পুত্র যদি (যীশু)', আর একটি কাগজের খন্ডে ক্রুশসহ যীশুর ছবি আঁকুন, অন্য আর একটি কাগজের খন্ডে লিখুন 'তোমাদের মুক্ত করে',. আরো একটি কাগজের খন্ডে যীশু একজন বাঁধা অবস্থার লোককে বাঁধনমুক্ত করছেন এমনটি আঁকুন, আর একটি কাগজের খন্ড নিন আর লিখুন,'তবে তোমরা প্রকৃতই মুক্ত হবে', এবং অন্য একটি কাগজের খন্ডে একজন লোক আঁকুন যে মুক্ত|



ছেলেমেয়েরা আসবার আগেই প্রতিটি কাগজের খন্ড বিভিন্ন জায়গায় লুকিয়ে রাখুন|

ছেলেমেয়েদের বলুন যে তাদের জন্য আপনার কাছে একটি জরুরি বার্তা আছে যা ছেলেমেয়েদের খুঁজে নিতে হবে| এই জায়গায় 6টি ভিন্ন ভিন্ন কাগজের খন্ড, যার প্রত্যেকটির মধ্যে বার্তার একটা অংশ রয়েছে, তা লুকানো আছে (ঘর, বাড়ি, গির্জা অথবা গ্রামের কোন জায়গা)|

1, 2, 3 লুকানো বার্তা খুঁজতে শুরু করুন...

যখন ছেলেমেয়েরা সব ক'টি, অর্থাৎ 6 টি কাগজের খন্ড পেয়ে যাবে তখন ছেলেমেয়েদের বলুন যে কাগজের ওপর লেখা কথাগুলো সঠিক ছবির সঙ্গে মিলিয়ে দেখাতে| যদি ছেলেমেয়েরা পড়তে না শিখে থাকে তাহলে ওদের কাছে কথাগুলো পড়ে শোনান যাতে ছেলেমেয়েরা মনে রেখে আঁকাগুলোর দিকে নির্দেশ করে| এবার ছেলেমেয়েদের শব্দগুলো/ছবিগুলো সঠিক ক্রমে সাজাতে বলুন এবং যতক্ষণ না ছেলেমেয়েরা বাইবেলের মুখস্থ পদটি মনে রাখতে পারছে ততক্ষণ তাদের বাইবেলের মুখস্থ পদটি জোরে জোরে পুনরাবৃত্তি করতে বলুন|

## ব্যবহারিক প্রয়োগ

যীশু তোমাকে মুক্ত করেন!

*এমন ব্যবহারিক প্রয়োগ করুন যা শেখাবে, যীশু তোমাকে মুক্ত করেন!*

যীশু অন্ধকারকে ঠেলে পেছনে সরিয়ে দেন এবং সমস্ত মন্দ জিনিষ থেকে আমাদের রক্ষা করেন| যীশু আমাদের জীবন থেকে অন্ধকার ঠেলে পেছনে সরিয়ে দেন| যে সমস্ত মন্দ জিনিষ, যা আমাদের অধিকার করে নেয় আর আমাদের ফাঁদে ফেলে সে সব মন্দ জিনিষ যীশু নিয়ে নেন| যীশু আমাদের মুক্ত করেন!

**প্রার্থনা:** কোন একটি বা দুটি ছেলেমেয়েকে জিজ্ঞাসা করুন তারা যীশুর উদ্দেশে ধন্যবাদের প্রার্থনা করতে চায় কিনা কারন যীশু তাদের সমস্ত মন্দ জিনিষ থেকে মুক্ত করেন|